Mohammed Mizanur Rahman
Director General
Additional Secretary
Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning

মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
অতিরিক্ত সচিব
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০১.০০০০.৬১০.৪১.০৫০.২৪.

তারিখ ২৫ বৈশাখ ১৪৩২
০৮ মে ২০২৫ খ্রি.

**বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় Labour Demand Survey 2025 এর মুল কার্যক্রমে তথ্য সরবরাহে সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের শ্রমবাজার সবসময় পরিবর্তনশীল, তাই নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্য সংগ্রহ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। 'শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন' প্রকল্পের মাধ্যমে শ্রমশক্তি জরিপ পরিচালনা করা হয় যা শ্রমবাজার সম্পর্কিত সাম্প্রতিক তথ্য সরবরাহ করে থাকে। শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজারের supply side এর তথ্য প্রস্তুত করা হয়ে থাকে। কিন্তু বিভিন্ন সেক্টরে শ্রমশক্তির চাহিদা সম্পর্কিত তথ্যের ঘাটতি রয়েছে। ঘাটতি পূরণ এবং সেক্টরভিত্তিক কর্মসংস্থান বৃদ্ধিতে সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণের জন্য এ প্রকল্পের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রথমবারের মতো 'শ্রমবাজারে শ্রমশক্তির চাহিদা সম্পর্কিত জরিপ Labour Demand Survey-2025' পরিচালনার উদ্যোগ নেয়া হয়েছে। শ্রমবাজারে শ্রমশক্তির চাহিদা রয়েছে এরূপ উল্লেখযোগ্য নির্বাচিত সেক্টরসমূহ যেমন- বস্ত্র উৎপাদন, পরিধেয় পোশাক উৎপাদন (রেডিমেড গার্মেন্টস), চামড়া এবং চামড়াজাত পণ্য উৎপাদন, মৌলিক ফার্মাসিউটিক্যাল প্রস্তুত এবং ওষুধ পণ্য উৎপাদন সংক্রান্ত, আবাসন (স্বল্পমেয়াদী আবাসিক কার্যক্রম যেমন-হোটেল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সফটওয়্যার ও গেম তৈরি ও প্রকাশনা, কম্পিউটার প্রোগ্রামিং এবং এ সংক্রান্ত কার্যক্রম ও অন্যান্য আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (বাণিজ্যিক ব্যাংকসমূহ, অন্যান্য আর্থিক মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান) সম্পন্নকারী নির্বাচিত প্রতিষ্ঠানসমূহে এ জরিপটি পরিচালিত হবে।

০২। ইতোমধ্যে 'Labour Demand Survey-2025' এর লিস্টিং তথ্য সংগ্রহ কার্যক্রম গত ৩-১২ মার্চ ২০২৫ খ্রি. পর্যন্ত পরিচালিত হয়েছে। এরই ধারাবাহিকতায় Labour Demand Survey-2025' এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ২১ মে-৪ জুন, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত পরিচালিত হবে। এর মাধ্যমে স্যাম্পলকৃত প্রতিষ্ঠানে বিস্তারিত প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। প্রশ্নপত্রে যে বিষয়গুলো অন্তর্ভুক্ত তা হলো: ১) প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা; ২) প্রতিষ্ঠানের পরিচিতি; ৩) জনবল নিয়োগ সংক্রান্ত; ৪) ভবিষ্যত জনবলের চাহিদা; ৫) দক্ষতার ঘাটতি, শিক্ষাগত যোগ্যতা এবং প্রশিক্ষণ সংক্রান্ত; ৬) তথ্য প্রযুক্তির ব্যবহার; এবং ৭) জনবল প্রোফাইল সংক্রান্ত তথ্যাদি। উল্লেখ্য, সংগৃহীত তথ্য Confidentiality বজায় রেখে শুধুমাত্র সরকারি পরিসংখ্যানিক কাজে ব্যবহৃত হবে যার উপর ভিত্তি করে SDG সংক্রান্ত বিভিন্ন Indicator প্রণয়ন করা সম্ভব হবে।

০৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সংগঠন/সংস্থাসহ তার আওতাধীন সকল প্রতিষ্ঠান যাতে উক্ত কার্যক্রমে সঠিক তথ্য বিবিএস এর তথ্যসংগ্রহকারীর নিকট সরবরাহ করে সে বিষয়ে অফিস/প্রতিষ্ঠানগুলোকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানে আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
☎ ৫৫০০৭০৫৬
e-mail: dg@bbs.gov.bd

সভাপতি
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association (BKMEA)
North Chashara, Narayanganj